# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

চিকনাগুল

সিলেট

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে আওতাধীন আওতাধীন দপ্তর/ফিল্ড সমূহের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরে অনুষ্ঠিতব্য ৪র্থ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও আহ্বায়ক (সিটিজেন চার্টার)। |
| সভার তারিখ: | ২৮-০৫-২০২৩ |
| সভার সময়: | সকাল ১১.০০ ঘটিকায় |
| স্থান: | অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম (zoom Apps) |
| উপস্থিতি: | পরিশিষ্ট-ক (স্ক্রীনশর্ট) |

মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ এর ধারা ১.৩ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর আওতাধীন আরসিএফপি, ৪০০০ বিপিডি সিএফপি এবং ৩০০০ বিপিডি সিআরইউ প্লান্টে কর্মরত কর্মকর্তাগণের সহিত সেবা প্রদান পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক, ফোকাল পয়েন্ট ও অন্যান্য সদস্যদের সঙ্গে একটি ভার্চুয়াল মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভায় এসজিএফএল এর সেবা প্রদান পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক এবং সভার সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভাকে জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ ধারাটি একটি নতুন সংযোজন যা গত বৎসর ছিল না। তিনি মত প্রকাশ করেন যে, এই ধারাটি অত্যন্ত প্রয়োজনীয় একটি ধারা এবং আওতাধীন দপ্তর সমুহের সঙ্গে উর্ধ্বতন অফিসের সেবা প্রদান সংক্রান্ত কর্মকান্ডের সমন্বয়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ণ নির্দেশিকা, ২০২২-২০২৩ এর প্রতিটি ধারার উপর বিশদভাবে আলোচনা করেন।

৩। উপ-মহাব্যবস্থাপক (৪০০০ বিপিডি সিএফপি) মহোদয়ের মতামত চাওয়ার প্রেক্ষিতে জানান যে, এসজিএফএল এর ই-নথি হতে ডি-নথির কার্যক্রম চালু হওয়ায় বর্তমানে নেট স্লো/সার্ভার সমস্যার কারণে কাজের বিঘ্ন ঘটছে। নথির গতিবেগ ধীরগতি হওয়ায় ঠিকমত কাজ করা যাচ্ছে না। অফিস এলাকায় ইন্টারনেট লাইন দূর্বল হওয়ায় প্রায় সময়ে নেটের সমস্যা হওয়ায় ডি-নথি ব্যবস্থাপনায় সমস্যা হচ্ছে বলে জানান। এ বিষয়ে ফিল্ড প্রধানের মাধ্যমে নেটের স্পীড বাড়ানোর প্রয়োজনীয়তার বিষয়ে সভাকে অবহিত করেন। তাছাড়া তিনি এসজিএফএল এর বাৎসরিক ছুটি মঞ্জুরীপত্রে অর্জিত ছুটির খতিয়ান উল্লেখ রাখার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

৪। উপ-মহাব্যবস্থাপক (৩০০০ বিপিডি সিআরইউ) প্লান্ট মহোদয়ের মতামত চাওয়ার প্রেক্ষিতে জানান যে, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড যেহেতু প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়ামজাত পণ্য উৎপাদনের মাধ্যমে দেশের জ্বালানি চাহিদা পূরণ করে, সেই আলোকে এসজিএফএল কর্তৃক মডেল পেট্রোল পাম্প স্থাপন করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। ডি-নথির যান্ত্রিক ত্রুটির কারণে দাপ্তরিক কাজের বিঘ্ন ঘটছে এবং ডি-নথি সহজীকরন বিষয়ে মতামত ব্যক্ত করেন।

৫। এছাড়াও সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর আরসিএফপি, ৪০০০ বিপিডি সিএফপি এবং ৩০০০ বিপিডি সিআরইউ প্লান্টের কর্মকর্তাগণ এবং সেবা গ্রহনকারী প্রতিনিধিদের পক্ষ থেকে বিভিন্ন সমস্যার বিষয়ে মতামত ব্যক্ত করেন যা নিম্নরুপঃ

(ক) রশিদপুর কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট এর ব্যবস্থাপক (অপারেশন) বলেন যে, দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধি বিবেচনায় এসজিএফএল এর নতুন নিয়োগপ্রাপ্ত কারিগরি ক্যাডারের কর্মকর্তাগণের জন্য স্থানীয় ভাবে প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। তাছাড়া এসজিএফএল এর সিটিজেন চার্টার এর আওতায় প্রাতিষ্ঠানিক সেবা হিসেবে ফায়ার ফাইটিং/ফয়ার ট্রাক সার্ভিস অর্ন্তভুক্ত করার পক্ষ্যে মতামত ব্যক্ত করেন।

(খ) রশিদপুর কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট এর ব্যবস্থাপক (প্লান্ট মেইনটেনেন্স) বলেন যে, এসজিএফএল বিশাল পরিসরে সেবা দিলেও নাগরিক সেবা অনেক কম। প্রকল্পে প্রয়োজনীয় সংখ্যক কারিগরি জনবল প্রদানের বিষয়ে মতামত ব্যক্ত করেন। তিনি ডি-নথি ব্যবহারের উপর কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করার জন্য মতামত ব্যক্ত করেন। তাছাড়া জানা মতে কোন সমস্যা নেই বলে সভাকে অবহিত করেন।

(গ) ব্যবস্থাপক (লোডিং এন্ড ডেসপাচ-৩) ৪০০০ বিপিডি সিএফপি সভায় অবহিত করেন যে, সফট ওয়ার প্রয়োগ এর মাধ্যমে বিপিসি এর অধীনস্থ প্রতিষ্ঠান পদ্মা, মেঘনা যমুনা হতে তৈলের চাহিদা প্রাপ্তির বিষয়ে মতামত ব্যক্ত করে।

(ঘ) ব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেনেন্স) আরসিএফপি সভায় অবহিত করেন যে, রশিদপুর গ্যাস ফিল্ড সমূহ পাহাড়িয়া এলাকায় অবস্থান হওয়ায় আধুনিক মান সম্পন্ন একটি এম্বুলেন্স ক্রয়ের মাধ্যমে চিকিৎসা সেবার মান উন্নত করার জন্য মতামত ব্যক্ত করে।

(ঙ) ব্যবস্থাপক (প্রশাসন) ৪০০০ বিপিডি সিএফপি প্লান্ট সভায় অবহিত করেন যে, ডি-নথি নতুনভাবে বাস্তবায়ন হওয়ায় কর্মকর্তাদের দাপ্তরিক কাজ করতে সাময়িক অসুবিধা হচ্ছে বিধায় এ বিষয়ে স্থানীয়ভাবে প্রশিক্ষণ আয়োজন করার জন্য মতামত ব্যক্ত করেন। ফিল্ড কেপিআই ভূক্ত হওয়ায় ৩নং আনসার ক্যাম্প এর প্রয়োজনীয় মেরামত করা প্রয়োজন। তাছাড়া বর্তমানে ফিল্ডের নিরাপত্তা ব্যবস্থা জোরদার এর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হচ্ছে এবং ফিল্ডের নিরাপত্তা ভাল আছে বলে মতামত ব্যক্ত করে।

(চ) ব্যবস্থাপক (লোডিং এন্ড ডেসপাচ), আরসিএফপি সভায় অবহিত করেন যে, আরজিএফ হতে যে সকল বাস, গাড়ী শ্রীমংগল যায় নির্দিষ্ট স্থানে পার্কিং ব্যবস্থা না থাকায় ছাত্র/ছাত্রীদের সুবিধার কথা বিবেচনায় এনে স্কুল ও কলেজের সামনে এসজিএফএল এর নিজস্ব অর্থায়নে কয়েকটি যাত্রী ছাউনী তৈরী করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

পরিশেষে সভার সভাপতি বিভিন্ন প্রশ্নের উত্তর ও প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করেন। বিস্তারিত পর্যালোচনান্তে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে আওতাধীন আরসিএফপি, ৪০০০ বিপিডি সিএফপি এবং ৩০০০ বিপিডি সিআরইউ প্লান্টে কর্মরত সেবা গ্রহনকারী প্রতিনিধিদের সমস্যা সমাধানের বিষয়ে উপ-মহাব্যবস্থাপক (৪০০০ বিপিডি সিএফপি) এবং ৩০০০ বিপিডি সিআরইউ মহোদয়গণকে যথাযথ ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে তিনি জানান যে, নতুন নির্দেশিকা অনুযায়ী প্রত্যেকটি কোম্পানিকে ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভার আয়োজন করতে হবে।

৫। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০১/২০২৬

(প্রকৌ. মোঃ ফারুক হোসেন)

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)/(টিএস)/(প্রশাসন) (এলপিএম)/(পিএন্ডডি)/(অপারেশন)//(আরডিএম), এসজিএফএল।
- উপমহাব্যবস্থাপক (আরজিএফ)/((৪০০০ বিপিডি সিএফপি)/(৩০০০ বিপিডি সিআরইউ)(আরসিএফপি) এসজিএফএল।
- আহ্বায়ক (নৈতিকতা কমিটি), এসজিএফএল।
- নথি।